

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
নলডাঙ্গা, নাটোর।

স্মারক নং- উশিঅ/নল/নাট/২০১৯/৯১৩

তারিখ : ৪/০৩/২০১৯খ্রিঃ।

“নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র অফিসের অধীন নিম্ন বর্ণিত বিদ্যালয়ের নামের পার্শে উল্লেখিত পরিত্যক্ত ভবন ও ভবনের অভ্যন্তরে রক্ষিত মালামাল (যেখানে যে অবস্থায় আছে) সরকারী বিধি মোতাবেক আগামী ১২.০৩.২০১৯খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের অফিসার মহোদয়ের অফিস কক্ষে প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। নিলাম ডাকে ইচ্ছুক অংশগ্রহণকারীগণকে বিক্রয় যোগ্য পরিত্যক্ত ভবন ও ভবনের অভ্যন্তরে রক্ষিত মালামাল সরজমিনে দেখে নির্ধারিত স্থান, তারিখ ও সময়সূচী অনুযায়ী উপস্থিত থেকে নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | বিদ্যালয়ের নাম | বিবরণ | মন্তব্য |
|-----------|-------------------------------------|--|--|
| ১. | হরিদাখলসী সরকারি প্রাথমিক বিদ্যালয় | ১) আব্যাশিক কারনে বিক্রয় যোগ্য ভবন। | ভবনের অভ্যন্তরে রক্ষিত মালামাল ব্যতীতঃ |
| ২. | শ্যামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয় | ১) পরিত্যক্ত ভবন ও ভবনের অভ্যন্তরে রক্ষিত মালামাল। | |
| ৩. | দূর্লভপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় | ১) পরিত্যক্ত ভবন ও ভবনের অভ্যন্তরে রক্ষিত মালামাল। | |

শর্তাবলীঃ

১. নিলাম ডাকে অংশগ্রহণকারীকে নগদ প্রাক্কলণকৃত মূল্যের ১০% টাকা জামানত হিসাবে প্রদান করে ডাকে অংশগ্রহণ করতে হবে। অপরাপর ডাককারীকে জামানতের অর্থ সর্বোচ্চ দরদাতা মনোনীত ডাককারী কর্তৃক নিলাম মূল্য পরিশোধের সংগে সংগে ফেরত প্রদান করা হবে।
২. নিলাম ডাকে অংশগ্রহণ করার পূর্বে ডাককারী সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সাথে যোগাযোগ করে নিলামের জন্য নির্ধারিত পত্র দেখতে পারবেন।
৩. সর্বোচ্চ ডাককারীকে ডাকের সমুদয় অর্থ সংগে সংগে পরিশোধ করতে হবে, অন্যথায় জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করে তাৎক্ষণিকভাবে পুনঃডাক অনুষ্ঠিত হবে।
৪. ডাকের কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে নিলামকৃত ^{প্রদান} ডাককারী কর্তৃক নিজ দায়িত্বে সরিয়ে নিতে হবে, অন্যথায় মালামালের ব্যাপারে কর্তৃপক্ষের কোন দায়দায়িত্ব থাকবেনা।
৫. যে কোন নিলাম ডাক গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
৬. সর্বোচ্চ ডাককারীকে উদ্ধৃত মূল্যের উপর নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর প্রদান করতে হবে।

(মো: মোস্তাফিজুর রহমান তালুকদার)

উপজেলা শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা নিলাম কমিটি

নলডাঙ্গা, নাটোর।

বিতরণঃ-

১. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা নিলাম কমিটি, নলডাঙ্গা, নাটোর।
২. উপজেলা প্রকৌশলী, নলডাঙ্গা, নাটোর। নিলাম অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
৩. ----- অফিসার, নলডাঙ্গা, নাটোর। তাঁর অফিসের নোটিশ বোর্ডের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
৪. ২০য়ারম্যান-----ইউনিয়ন পরিষদ, নলডাঙ্গা, নাটোর। তাঁর অফিসের নোটিশ বোর্ডের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
৫. সভাপতি/প্রধান শিক্ষক, বিদ্যালয় ম্যানেজিং কমিটি, -----সরকারী প্রাথমিক বিদ্যালয়, নলডাঙ্গা, নাটোর। তাদেরকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। এছাড়া নিলাম অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
৬. অফিস কপি।